

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৪৯.০০৬.১৯.৩৬০৮

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়:** জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহণ, অভ্যন্তরীণ নৌ পরিবহণ এবং এলএসডি/সিএসডির শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার নিয়োগ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঠিকাদারী কাজের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই নতুন ঠিকাদার নিয়োগ কার্যক্রম গ্রহণ পূর্বক নতুন ঠিকাদার নিয়োগের নির্দেশনা রয়েছে। নতুন ঠিকাদার নিয়োগের জন্য অত্র দপ্তর হতে বারংবার তাগিদ দেয়া হয়েছে এবং মাসিক সমন্বয় সভায় নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু আপনার জেলার অভ্যন্তরীণ সড়ক পরিবহণ, অভ্যন্তরীণ নৌ পরিবহণ এবং এলএসডি/সিএসডির শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদারী কাজের মেয়াদ শেষ হলেও নতুন ঠিকাদার নিয়োগের কোন কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে দেখা যাচ্ছে না। কোন কোন জেলায় মামলা জনিত কারণে দীর্ঘদিন নতুন ঠিকাদার নিয়োগ করা যাচ্ছে না মর্মে দেখা যায়। খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভায় উপস্থাপনের জন্য ঠিকাদার নিয়োগ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন নিয়মিত খাদ্য অধিদপ্তরে প্রেরণ করা হচ্ছে। নির্ধারিত সময়ে নতুন ঠিকাদার নিয়োগ না হওয়ায় উর্দ্ধতন কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করছেন এবং গত ২৬/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত খাদ্য অধিদপ্তরের জুন/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভায় ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে ঠিকাদার নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, ঠিকাদার নিয়োগের বিষয়ে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ পূর্বক গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আগামী ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো:

(১) যে সকল স্থাপনায় ঠিকাদার নিয়োগ সংক্রান্ত বিষয়ে মামলা নেই অথবা মামলা রয়েছে আদালতের নিষেধাজ্ঞা নেই উক্ত স্থাপনাসমূহে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নতুন ঠিকাদার নিয়োগের কার্যকরী পদক্ষেপ গ্রহণ পূর্বক সেপ্টেম্বর/২৩ মাসের মধ্যে নতুন ঠিকাদার নিয়োগ সম্পন্ন করতে হবে।

(২) যেসকল স্থাপনায় ঠিকাদার নিয়োগ সংক্রান্ত বিষয়ে আদালতের নিষেধাজ্ঞা রয়েছে সেক্ষেত্রে বিজ্ঞ জি.পি/পি.পি/ডি.এ.জি/এ.এ.জি/প্যানেল আইনজীবীর সাথে ব্যক্তিগত যোগাযোগ করে আদালতে আপত্তি দাখিল/কার্যকর পদক্ষেপ গ্রহণ পূর্বক দ্রুত সময়ের মধ্যে নিষেধাজ্ঞা প্রত্যাহারের (Vacate) ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৩) অভ্যন্তরীণ সড়ক পরিবহণ এবং এলএসডির শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদারী কাজের সাথে সম্পর্কিত মামলাসমূহ সফটওয়্যারে আপলোড এবং নিয়মিত হালনাগাদ করতে হবে।

০৩-০৭-২০২৩

জি. এম. ফারুক হোসেন পাটওয়ারী  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

জেলা খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/নারায়নগঞ্জ/গাজীপুর/নরসিংদী/মন্সীগঞ্জ/মানিকগঞ্জ/টাংগাইল/কিশোরগঞ্জ/ফরিদপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/মাদারীপুর/শরীয়তপুর।।


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৪৯.০০৬.১৯.৩৬০৮/১ (১)

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে

১। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।





০৩-০৭-২০২৩

জি. এম. ফারুক হোসেন পাটওয়ারী  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক